



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৭৬৫/৬৬


তারিখ : ০০/০৪/২০১৭

বিষয় : সহকারি ধর্মীয় শিক্ষক জনাব আমিনুল ইসলাম এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদন

সূত্র : ০৯-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৬৯তম সভার ০৪ নং সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজের সাময়িক বরখাস্তকৃত সহকারি ধর্মীয় শিক্ষক জনাব আমিনুল ইসলাম এর বিষয়ে বিজ্ঞ মহামান্য হাইকোর্ট ২৮৭/২০১৭ নং রীট পিটিশনের মাধ্যমে ৩০ দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তির জন্য সদয় নির্দেশ দিয়েছেন। নির্দেশনামা বোর্ড কর্তৃপক্ষ ০২/০৩/২০১৭ তারিখে পেয়েছেন। অদ্যকার আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৬৯তম সভায় উভয়পক্ষের উপস্থিতিতে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। মেয়েটির পিতা স্বশরীরে উপস্থিত হয়ে কমিটিকে জানান যে, প্রকৃতপক্ষে জনাব আমিনুল ইসলাম তাঁর মেয়েকে যৌন হয়রানি করেছেন। মেয়েটির বাবা জনাব মোঃ মনিরুল ইসলাম জনাব আমিনুল ইসলাম এর কান্নাকাটিতে সহানুভূতিশীল হয়ে ও তাকে মামলা থেকে বাঁচানোর জন্য তাঁর অনুকূলে আদালতে স্বাক্ষর দিয়েছেন। উল্লেখ্য মেয়ের পিতার বক্তব্য প্রদানের সময় জনাব আমিনুল ইসলামকে সভায় উপস্থিত থাকতে বলা সত্ত্বেও তিনি সভাকক্ষ ত্যাগ করেন, সার্বিক বিষয়টি বিবেচনা করে, ন্যায় বিচারের স্বার্থে জনাব আমিনুল ইসলামকে চূড়ান্ত বরখাস্ত করার জন্য শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজের কর্তৃপক্ষের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সুতরাং দোষী প্রমাণিত হওয়ায় তার চূড়ান্ত বরখাস্ত অনুমোদন করা হল।

একই সাথে ১৩/০৩/১৭ তারিখের স্মারক নং বিঅ-৬/২০১৭ পত্রটি বাতিল করা হল।


০২/০৩/১৭
বিদ্যালয় পরিদর্শক

সভাপতি

শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ (১১৬৫৫৯)

ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : ঝিনাইদহ সদর, জেলা : ঝিনাইদহ


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।
ফোন : ০৪২১-৬৮৬২৭

স্মারক নং-বিঅ-৬/৬৭৬৫/৬৬ (১০)

তারিখ : ০০/০৪/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। জেলা প্রশাসক, ঝিনাইদহ
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৮। প্রধান শিক্ষক, ম্যানেজিং কমিটি, শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ, ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : ঝিনাইদহ সদর, জেলা : ঝিনাইদহ
- ৯। জনাব আমিনুল ইসলাম, সহকারী ধর্মীয় শিক্ষক, শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ
ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : ঝিনাইদহ সদর, জেলা : ঝিনাইদহ
- ১০। সংরক্ষণ নথি।


০২/০৩/১৭
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।